

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ১৩

আরবি মূল আয়াত:

وَ أَنَا احْتَرِتُكَ فَاستَمِع لِمَا يُوحَى ﴿١٣﴾

'আর আমি তোমাকে মনোনীত করেছি, সুতরাং যা ওহীরূপে পাঠানো হচ্ছে তা মনোযোগ দিয়ে শুন'। — আল-বায়ান আমি তোমাকে বেছে নিয়েছি, কাজেই তুমি মনোযোগ দিয়ে শুনো যা তোমার প্রতি ওয়াহী করা হচ্ছে। — তাইসিরুল এবং আমি তোমাকে মনোনীত করেছি, অতএব যা অহী প্রেরণ করা হচ্ছে তুমি তা মনোযোগের সাথে শ্রবণ কর। — মুজিবুর রহমান

And I have chosen you, so listen to what is revealed [to you]. — Sahih International

১৩. আর আমি আপনাকে মনোনীত করেছি। অতএব যা ওহী পাঠানো হচ্ছে আপনি তা মনোযোগের সাথে শুনুন।

তাফসীরে জাকারিয়া

- (১৩) আমি তোমাকে মনোনীত করেছি;[1] অতএব যে অহী (প্রত্যাদেশ) প্রেরণ করা হচ্ছে তুমি তা মনোযোগের সাথে শ্রবণ কর।
 - [1] অর্থাৎ, নবুঅত, রিসালত ও কথোপকথনের জন্য।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=2361

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন